

“শারীরিক শিক্ষায় গুরুত্ব দেয়া উচিত

ফারজানা জেসমিন

আমাদের দেশে প্রাথমিক শিক্ষার লক্ষ্য একটি। এই একটি লক্ষ্যের ওপর ভিত্তি করে ২৯টি প্রাথমিক যোগ্যতা নির্গত হয়েছে। ২৯টি প্রাথমিক যোগ্যতা ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে ১ম থেকে ৫ম শ্রেণীর সব পাঠ্যবইয়ে। আর তাই বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়ের মতো শারীরিক শিক্ষাও শিক্ষার একটি অবিচ্ছেদ্য অংশ। কিন্তু আমাদের দেশে সব বিষয়ের মতো শারীরিক শিক্ষা বিষয়টি গুরুত্ব দিয়ে পড়ানো হয় না। এর বিশেষ কিছু কারণ রয়েছে। কারণগুলোর মধ্যে প্রধান কারণ হল, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এ বিষয়টি অন্তর্ভুক্ত না থাকা। দ্বিতীয়



কারণ, বিষয়টি রুটিনের শেষে থাকায় শিক্ষকরা এ বিষয়ে ততটা গুরুত্ব দেন না। শারীরিক শিক্ষার উদ্দেশ্য হল, এতে শিশুর সুস্থ শরীর গঠন হবে। সুস্থ শরীর গঠন হলে মন ভালো থাকবে। আর মন ভালো থাকলে বুদ্ধির বিকাশ ঘটবে। শিশুর যদি সুস্থ শরীর গঠন না হয় এবং বুদ্ধির বিকাশ না ঘটে, তাহলে সৃজনশীল নাগরিকের দায়িত্ব পালন করতে পারবে না। শিশুরা ভবিষ্যতে সৃজনশীল নাগরিক হতে না পারলে প্রাথমিক শিক্ষার লক্ষ্য অর্জিত হবে না। কাজেই আমাদের সবার উচিত, শারীরিক শিক্ষা বিষয়টি গুরুত্ব দিয়ে পড়ানো।

সহকারী শিক্ষক, ৪৯নং চন্দনবাড়ী বানিয়াপাড়া,
সরকারি প্রাথমিক বিদ্যালয়, পঞ্চগড়